

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
শাখা নং-৩
পরিপত্র

নং- ভূঃ মঃ/ শা-৩/ কর/১৫/৯৪/৩৪৮(৬৪)

তারিখ : ৩০-০৫-৯৪ ইং
১৬-০২-১৪০১ বাং

প্রাপক : জেলা প্রশাসক

বিষয় : বিভিন্ন প্রত্যশী সংস্থার অনুকূলে অধিগ্রহণকৃত ভূমির ভূমি উন্নয়ন কর আদায় প্রসঙ্গে।

লক্ষ্য করা যাচ্ছে যে, রাজউকসহ বিভিন্ন প্রত্যশী সংস্থার অনুকূলে ভূমি অধিগ্রহণকালে জমির মালিকগণ বকেয়া ও হাল উন্নয়ন কর পরিশোধ না করেই ক্ষতিপূরণ গ্রহণ করেন। ফলে ভূমি উন্নয়ন বকেয়া ও হালদাবি অপরিশোধিত থেকে যায়। তাই অধিগ্রহণকৃত জমির ভূমি উন্নয়ন কর আদায়ের জন্য নিম্নোক্ত পদ্ধতিসমূহ অনুসরণের জন্য নির্দেশ দেয়া হলো :

(ক) ভূমি অধিগ্রহণের লক্ষ্যে ৩ ধারার নোটিশ প্রদানের তারিখ (বাংলা বছর ভিত্তিক) পর্যন্ত জমির মালিক ভূমি উন্নয়ন কর পরিশোধ করবেন। সংশ্লিষ্ট জমির জন্য ক্ষতিপূরণ প্রাপ্তির ক্ষেত্রে বকেয়া ও হাল ভূমি উন্নয়ন কর পরিশোধের প্রমাণপত্র হিসাবে উপযুক্ত দাখিলা উপস্থাপনের পর চূড়ান্ত ক্ষতিপূরণ প্রদান করতে হবে।

(খ) ৩ ধারার নোটিশ প্রদানের পরবর্তী বাংলা বছর থেকে প্রত্যশী সংস্থা বিধি মোতাবেক ভূমি উন্নয়ন কর পরিশোধ করবে। রাজউক/ সিডিএ/ কেডিএ/ ইত্যাদি সংস্থা অধিগ্রহণকৃত জমি পুনঃবন্দোবস্ত প্রদানের পূর্ব পর্যন্ত সময়ের ভূমি উন্নয়ন কর প্রদান করবে এবং পুনঃ বন্দোবস্তের সংগে সংগে প্রয়োজনীয় নামজারী সম্পাদনের ব্যবস্থা গ্রহণ করবে।

এই আদেশ অবিলম্বে কার্যকর করার জন্য অনুরোধ করা হলো।

স্বাক্ষর/-অস্পষ্ট
(আবদুল মুয়ীদ চৌধুরী)
২৮-০৫-৯৪ ইং
ভারপ্রাপ্ত অতিরিক্ত সচিব
ভূমি মন্ত্রণালয়

নং- ভূঃ মঃ/ শাখা-৩/কর/১৫/৯৪/৩৪৮(৬৪)১ (১০০)

তারিখঃ ৩০-০৫-৯৫ইং
১৬-০২-১৪০২বাং

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড, মতিঝিল, ঢাকা।
- ২। চেয়ারম্যান, ভূমি আপীল বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
- ৪। কমিশনার, ঢাকা/ চট্টগ্রাম/ রাজশাহী/ খুলনা/ বরিশাল বিভাগ।
- ৫। চেয়ারম্যান, রাজউক/ কেডিএ/ সিডিএ।
- ৬। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) এল, এ----- জেলা।
- ৭। ভূমি মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা।

স্বাক্ষর/ অস্পষ্ট
(কামাল উদ্দিন আহমেদ)
সহকারী সচিব।